গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়

জলঢাকা, নীলফামারী।

www.jaldhaka.nilphamari.gov.bd

স্মারক নং- ৩১.০২.৭৩৩৬.০০০.০২.০৯৩.২২- ৪১ তারিখ : ১৪ জানুয়ারী ২০২৩ খ্রীঃ

## " জলমহাল ইজারা সংক্রান্ত বিজ্ঞপ্তি"

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জলঢাকা উপজেলাধীন নিম্নবর্ণিত ২০.০০ (বিশ) একর পর্যন্ত (বদ্ধ) জলমহাল সমূহ ১৪৩১- ১৪৩৩ বঙ্গাব্দ পর্যন্ত ০৩ (তিন) বছরের জন্য জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা ২০০৯ মোতাবেক ভূমি মন্ত্রণালয় হতে ০২ নভেম্বর ২০২৩ তারিখের ৩১.০০.০০০০ .০৫০.৬৮.০২০.০৯(অংশ-১).৬৬২/১(৯৭৮) নং স্মারকে জারিকৃত প্রজ্ঞাপন অনুযায়ী মৎসজীবী সমবায় সমিতি/সংগঠন **www.jm.lams.gov.bd** ওয়েবসাইটে আগামী ২৩/০১/২০২৪ হতে ১৬/০২/২০২৪ তারিখের মধ্যে অনলাইনে আবেদনপত্র দাখিল করবেন। অনলাইনে আবেদনপত্র দাখিল করার পর আবেদনের হার্ড কপি উদ্ধৃত মূল্যের ২০% ভাগ অর্থ জামানতের মূলকপি (ব্যাংক ড্রাফট/পে-অর্ডার ) সীলগালা মুখবন্ধ খামে পরবর্তী ১৮/০২/২০২৪ হতে ২০/০২/২০২৪ তারিখ অর্থাৎ ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, জলঢাকা, নীলফামারী অথবা সহকারী কমিশনার (ভূমি), জলঢাকা, নীলফামারী এর কার্যালয়ে অফিস চলাকালীন সময়ে জমা প্রদান করতে হবে। অনলাইনে প্রাপ্ত আবেদন ও দাখিলকৃত প্রিন্টেড কপি যাচাই বাছাই করে যোগ্য সমিতি/সংগঠনকে চূড়ান্ত ভাবে অবহিত করা হবে।

### ইজারাযোগ্য জলমহালের বিবরণ :

| ক্র: নং | ইউনিয়নের নাম | ইজারা যোগ্য জলমহালের নাম | মৌজা | খতিয়ান নং | দাগ নং | জমির পরিমান | বাংলা ১৪৩১ হতে বাংলা ১৪৩৩ পর্যন্ত সরকারী ইজারা মূল্য | ইজারার মেয়াদ |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ১০ |
| ০১. | শিমুলবাড়ী | বেরুবন্দ খাস পুকুর | বেরুবন্দ | ১ | হাল-৭৩৮৯ | ০.৫৬ | ৭,৮৭৫/- | বাংলা ১৪৩১ সন হতে বাংলা ১৪৩৩ সন পর্যন্ত |
| ০২. | গোলনা | দলবাড়ী বিল | তালুক গোলনা | ১ | হাল-১১৩৩<br>হাল-১১৬২<br>হাল-১১৬৩<br>হাল-১১৬৭<br>হাল-১১৩৪ | ৩.৫৪<br>০.৬২<br>০.২০<br>০.৪০<br>০.৭৩ | ২,৬৩,০২৫/- | বাংলা ১৪৩১ সন হতে বাংলা ১৪৩৩সন পর্যন্ত |

শর্তাবলী ঃ-

১। জলমহালের নিকটবর্তী বা তীরবর্তী প্রকৃত মৎস্যজীবীদের সমিতি বা সমবায় অধিদপ্তর বা সমাজসেবা অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত সমিতি সমূহ আবেদন করতে পারবে, কোন ব্যক্তি বা অনিবন্ধিত সংগঠন আবেদন করতে পারবে না। মৎস্যজীবী সমবায় সমিতিতে যদি এমন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবী নহেন তাহলে উক্ত সমিতি আবেদনের যোগ্য হবেন না। তবে শর্ত থাকে যে, আবেদনকারীর সমবায় সমিতি বর্তমানে কার্যকর তার প্রমান স্বরুপ উপজেলা সমবায় বা সমাজসেবা কর্মকর্তা কর্তৃক প্রত্যয়ন পত্র এবং বিগত ০২ (দুই) বৎসরের অডিট রিপোর্ট দাখিল করতে হবে। সমিতির সভাপতি/সম্পাদক কর্তৃক স্বাক্ষরিত আবেদনপত্র দাখিল করতে হবে। সভাপতি/সম্পাদক পরিচয়পত্র সহ সমিতির অনুকূলে সংশ্লিষ্ট জেলা সমবায় কর্মকর্তা/উপজেলা সমবায় কর্মকর্তা কর্তৃক প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।

২। জলমহালটি ইজারা চুক্তি সম্পাদনের পর বাংলা ১লা বৈশাখ ১৪৩১ সন হতে ৩০ চৈত্র ১৪৩৩ সন পর্যন্ত ইজারা মেয়াদ থাকবে।

৩। উদ্ধৃত মূল্যের শতকরা ২০% জামানত ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে আবেদনপত্রের সহিত অবশ্যই জমা দিতে হবে। জামানতের টাকা ইজারা মূল্যের সহিত সমন্বয় করা হবে।

৪। জলমহাল যেখানে যে অবস্থায় আছে তদাবস্থায় আবেদন এর মাধ্যমে ইজারা প্রদান করা হবে। ইজারা গ্রহণ করে কোন প্রকার অজুহাত, দরখাস্ত বা আপত্তি গ্রহণ করা হবে না। ইতোপূর্বে জলমহাল উপস্বত্ত ভোগদখল করা হয়েছে এই সংক্রান্ত আপত্তি দাখিল করা যাবেনা। আবেদন দাখিলের পুর্বেই জলমহাল সম্পর্কে সরেজমিন দেখে প্রকৃত অবস্থা সঠিক ভাবে জেনে আবেদন দাখিল করতে হবে।

৫। আবেদনপত্রের সহিত সংগঠন/সমিতির নির্বাচিত কমিটি গঠনতন্ত্রের কপি, সত্যায়িত ছবি, ব্যাংক একাউন্টের লেনদেন সংক্রান্ত প্রত্যয়নপত্র সহ প্রয়োজনীয় তথ্য, বিগত ০২ বছরের অডিট রিপোর্ট (নতুন সংগঠন/সমিতির জন্য প্রযোজ্য নয়) বাংলা ১৪৩১-১৪৩৩ সন পর্যন্ত মেয়াদে লীজ পাওয়ার লক্ষ্যে সংশ্লিষ্ট জলমহালের মৎস্য চাষ/উৎপাদন/সুষ্ঠু ব্যবস্থাপনা পরিকল্পনা/রুপরেখা সংযুক্ত করতে হবে। আবেদন অসম্পূর্ণ থাকলে তা বাতিলযোগ্য হবে।

৬। আবেদনপত্র সীলমোহরকৃত খামে দাখিল করতে হবে এবং খামের উপর উপজেলাসহ জলমহালের নাম সুস্পষ্টভাবে লিখে দিতে হবে।

৭। অনুমোদিত দরপত্রের সহিত ইজারা গ্রহীতাকে প্রথম বছরের ইজারা মূল্য, ইজারা মূল্যের অতিরিক্ত ৫% আয়কর, ১৫% ভ্যাট সিদ্ধান্ত প্রদানের ১৫ (পনের) কার্য দিবসের মধ্যে জলমহাল ও পুকুর ইজারা ১-৪৬৩১-০০০০-১২৬১ নং কোডে জমা প্রদান করতে হবে। সম্পূর্ণ টাকা পরিশোধের পর ইজারা চুক্তি সম্পাদন পূর্বক উপজেলা নির্বাহী অফিসার জলমহালের ইজারা গ্রতীতাকে বুঝিয়ে দিবেন। নির্ধারিত সময়ের মধ্যে সম্পূর্ণ ইজারা মূল্য পরিশোধে ব্যর্থ হলে উপজেলা নির্বাহী অফিসার, জলঢাকা, নীলফামারী ইজারা বাতিল করবেন এবং জামানতের টাকা সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে। ইজারার অর্থ আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবে না।

৮। চুড়ান্ত অনুমোদন প্রাপ্তি পর দরদাতাকে ইজারা প্রাপ্তির ০৭ (সাত) দিনের মধ্যে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে জলমহাল লীজ ফরম (অনুচ্ছেদ-২.১৭) মোতাবেক ইজারা চুক্তিপত্র সম্পাদন করতে হবে। অন্যথায় তাহার অনুকূলে ইজারা স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে।

৯। লীজগ্রহীতা কোন মৎস্যজীবী সংগঠন/সমিতি তাদের নামে লীজকৃত জলমহাল কোন অবস্থাতেই সাব-লীজ অথবা অন্য কোন ব্যক্তি বা গোষ্টিকে হস্তান্তর করতে পারবেন না। যদি তা করে থাকেন তাহলে উপজেলা নির্বাহী অফিসার, জলঢাকা, নীলফামারী উক্ত লীজ বাতিল করে দিবেন এবং জমাকৃত লীজমানি সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করবেন।

১০। কর্তৃপক্ষ কোন কারণ ব্যতিরেকে যে কোন আবেদনপত্র গ্রহণ ও বাতিলের সকল ক্ষমতা সংরক্ষণ করেন।

১৪.০১.২৩

জি,আর,সারোয়ার
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
জলঢাকা, নীলফামারী।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
জলঢাকা, নীলফামারী।
www.aclandjaldhaka.nilphamari.gov.bd

স্মারক নং- ৩১.০২.৭৩৩৬.০০০.০২.০২৮.২১- ৫১(২৫) তারিখ: ১৪ জানুয়ারী ২০২৩ খ্রীঃ

অনুলিপি বহুল প্রচার, সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ-

০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৪-নীলফামারী -৩।
০২। জেলা প্রশাসক, নীলফামারী।
০৩। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), নীলফামারী।
০৬। মেয়র, জলঢাকা পৌরসভা, জলঢাকা, নীলফামারী।
০৭। উপজেলা ................................... অফিসার, জলঢাকা, নীলফামারী।
০৮। চেয়ারম্যান.............................(সকল) ইউপি, জলঢাকা, নীলফামারী।
০৯। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা........................ইউনিয়ন ভূমি অফিস। তাকে বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের জন্য বলা হলো।
১০। জনাব/জনাবা...........................................................................................................................।
১১। সভাপতি/সম্পাদক,............................................................. মৎস্যজীবী সমবায় সমিতি, জলঢাকা, নীলফামারী।
১২। নোটিশ বোর্ড

১৪/০১/২৩

সহকারী কমিশনার (ভূমি)
জলঢাকা, নীলফামারী